- ৩। বহিরাগতগণের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুনাগুণ বিবেচনা করিয়া সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে আলোচনাক্রমে স্থির করা হইবে এবং তদানুযায়ী সরকারি আদেশ জারি করা হইবে।
- ৪। অত্র আদেশ ১-৬-১৯৮৫ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।
- ৫। অত্র আদেশের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/নির্দেশাবলীর সংশ্লিষ্ট ধারাসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

**ব্যাখ্যা:**

- ১) বেসামরিক কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে বেতন (pay) বলিতে মূল বেতন বুঝাইবে।
- ২) সামরিক কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে বেতন (pay) বলিতে রেংক পে, কমান্ড/ স্টাফ/ চার্জ/ ইনস্ট্রাকশনাল পে, কোয়ালিফিকেশন পে এবং ডিস্টার্বেন্স পে বুঝাইবে। তবে শর্ত এই যে, রেংক পে ছাড়া অন্যান্য পে অবসর গ্রহণ/ রিলিজ/ ছুটি/ অবসর প্রস্তুতি ছুটির পূর্বে তিন বা তিনের অধিক বৎসর বিরতিহীনভাবে আহরণ করিতে হইবে।
- ৩) ‘গ্রস পেনশন’ (Gross Pension) বলিতে কমুটেশন এবং/ অথবা সমর্পণপূর্ব পেনশন (Pension before Commutation and/or surrender) বুঝাইবে। উল্লেখ্য যে, বিশেষ অতিরিক্ত পেনশনও (যদি থাকে) উহা গ্রস পেনশনের অন্তর্ভুক্ত হইবে।
- ৪) অত্র আদেশের ১ম অনুচ্ছেদের ‘ক’ ও ‘খ’ উপ-অনুচ্ছেদে উল্লিখিত ‘সমপরিমাণ অংক’ বুঝাইতে উক্ত অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ ‘ঘ’-তে উল্লিখিত ‘সমপরিমাণ অংক’ বুঝাইবে।

এ, কে, এম, রশিদ উদ্দিন  
উপ-সচিব (বিধি)।

নং-অম(বিধি-১)/১এস-২৫/৮৫/৯৩(১৫০০)

তারিখ ঢাকা, ২৫শে নভেম্বর, ১৯৮৫ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হইল।

এম,এ, রহিম মিঞা  
শাখা প্রধান।

**বন্টন:**

- ১। প্রধান সামরিক আইন প্রশাসক মহোদয়ের প্রিন্সিপাল স্টাফ অফিসার, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। রাষ্ট্রপতি/ উপ-প্রধান সামরিক আইন প্রশাসক/ মন্ত্রী/ উপদেষ্টা/ উপমন্ত্রী/ প্রতিমন্ত্রী মহোদয়গণের ব্যক্তিগত সচিব।
- ৩। সকল মন্ত্রণালয়/ বিভাগ
- ৪। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ৫। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।
- ৬। মহা হিসাবরক্ষক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা।
- ৭। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান।
- ৮। সকল বিভাগীয় কমিশনার।
- ৯। মহা হিসাব রক্ষক (রেলওয়ে), চট্টগ্রাম।
- ১০। মহা হিসাব রক্ষক (ওয়ার্কস এণ্ড ওয়াপদা), ঢাকা।
- ১১। মহা হিসাব রক্ষক (পি, টি এণ্ড টি), ঢাকা।
- ১২। সকল মন্ত্রণালয়ের চীফ একাউন্টস অফিসার।
- ১৩। সকল জেলা প্রশাসক।
- ১৪। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
- ১৫। সকল উপজেলা নির্বাহী অফিসার।
- ১৬। সকল উপজেলা একাউন্টস অফিসার।
- ১৭। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৮। অর্থ বিভাগের সকল অফিসার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
প্রবিধি শাখা- ২

নং-অম(অবি)/প্রবি-২/ছুটি-১৪/৮৫/১৪০

তারিখ: ৮/৫/৯৪ বাং  
২৫/৮/৮৭ ইং

**অফিস স্মারক**

**বিষয়:** চুক্তিভিত্তিক নিয়োজিত অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদিগকে অর্থ বিভাগের ২১/১/৮৫ইং তারিখের স্মারকের আওতায় ছুটির পরিবর্তে নগদ অর্থ প্রদান প্রসঙ্গে।

আদিষ্ট হইয়া জানান যাইতেছে, অর্থ বিভাগ কর্তৃক ৩০/১০/৮৫ইং তারিকে জারিকৃত অফিস আদেশ নম্বর অম/ অবি/ প্রবি-২/ ছুটি-১৬/৮৪৯অংশ/২০৫ আংশিক সংশোধনপূর্বক সরকার চুক্তিভিত্তিক নিয়োজিত অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/ কর্মচারীদিগকে অর্থ বিভাগের ২১/১/৮৫ইং তারিখে জারিকৃত অম/ অবি/ প্রবি-২/ ছুটি-১৬/৮৪/৯ নম্বর স্মারকের আওতায় পাওনা সাপেক্ষে, ছুটির পরিবর্তে নগদ অর্থ প্রদান প্রসঙ্গে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

১/৯/৮৫ তারিখের পরবর্তী সময়ে সরকারি কর্মকর্তা/ কর্মচারী যাঁহারা চুক্তিভিত্তিক নিয়োজিত হইয়াছেন বা হইবেন তাঁহারাও ছুটি নগদায়নের সুবিধা প্রাপ্য হইবেন। তবে তাঁহাদের ক্ষেত্রে ছুটি নগদায়নের উদ্দেশ্যে ছুটির প্রাপ্যতা নির্ণয়ের সময় অবসরপ্রাপ্তত্বজনিত সর্বোচ্চ ছুটির সমপরিমাণ কাল বাদ দিয়া অবশিষ্ট পাওনা ছুটির অনূর্ধ্ব ১২ (বার) মাস নগদায়নের সুবিধা দেওয়া হইবে।

এম, এম, রহমান  
উপ-সচিব (বিধি)  
ফোন: ২৪১৬০৩।

নং-অম(অবি)/প্রবি-২/ছুটি-১৪/৮৫/১৪০

তারিখ: ৮/৫/৯৪ বাং  
২৫/৮/৮৭ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হইল:

কে, এম, করিম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নং-২৩৫১১১/৩৬৮৮

বন্টন:

- ১। রাষ্ট্রপতির মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয় (পার্সোনেল বিভাগ), বঙ্গ ভবন, ঢাকা।
- ২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। উপ-রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
- ৫। উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ৬। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ৭। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
- ৮। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ৯। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ১০। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
- ১১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ১২। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।
- ১৪। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
- ১৫। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
- ১৬। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
- ১৭। সকল মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা।
- ১৮। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান।
- ১৯। সকল বিভাগীয় কমিশনার।
- ২০। সকল জেলা প্রশাসক।
- ২১। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
- ২২। সকল উপজেলা নির্বাহী অফিসার।
- ২৩। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
- ২৪। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৫। অর্থ বিভাগের সকল অফিসার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
প্রবিধি শাখা- ২

নং-অম(অবি)/প্রবি-২/মভা-২/৮৭/১৪৫

তারিখ: ২৪/৫/৯৪ বাং  
১০/৯/৮৭ ইং

অফিস স্মারক

বিষয়: চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের মহার্ঘ্য ভাতা প্রদান প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী এই মর্মে জানাইতে আদিষ্ট হইয়াছেন যে, চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী যাহাদের বেতন সংশোধিত নুতন স্কেলে/ নুতন জাতীয় স্কেলে নির্ধারণ করা হইয়াছে, তাঁহারা অর্থ বিভাগের ১০/৪/৯৪ বাং/ ২৭/৭/৮৭ইং তারিখের অম (অবি)/ প্রবি-২/ মভা-২/ ৮৭/ ১২৪ নম্বর স্মারকের আওতায় পেনশন ভোগী হিসাবে প্রাপ্য মহার্ঘ্য ভাতা কিংবা অত্র স্মারকের আওতায় চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারী হিসাবে প্রাপ্য মহার্ঘ্য ভাতা-এই মহার্ঘ্য ভাতা দ্বয়ের যে কোন একটি প্রাপ্য হইবেন।

এম, এম, রহমান  
উপ-সচিব (বিধি)

নং-অম(অবি)/প্রবি-২/মভা-২/৮৭/১৪৫(২০০০)

তারিখ: ২৪/৫/৯৪ বাং  
১০/৯/৮৭ ইং

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হইল:

এম, এ, রহিম মিয়া  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নং-২৩৫১১১/৩৬৮৮

বন্টন:

- ১। রাষ্ট্রপতির মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গ ভবন, ঢাকা।
- ২। রাষ্ট্রপতির একান্ত সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। উপ-রাষ্ট্রপতির সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধানমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
- ৫। উপ-প্রধানমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ৬। মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ৭। উপদেষ্টা মহোদয়গণের একান্ত সচিব।
- ৮। প্রতিমন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ৯। উপ-মন্ত্রী মহোদয়গণের একান্ত সচিব।
- ১০। সচিব, সকল মন্ত্রণালয়/ বিভাগ।
- ১১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ১২। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, ঢাকা।
- ১৪। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (রেলপথ), চট্টগ্রাম।
- ১৫। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (ডাক, তার ও টেলিফোন), ঢাকা।
- ১৬। মহা হিসাব নিরীক্ষা পরিচালক (পূর্ত), ঢাকা।
- ১৭। সকল মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা।
- ১৮। সকল বিভাগ/ পরিদপ্তর প্রধান।
- ১৯। সকল বিভাগীয় কমিশনার।
- ২০। সকল জেলা প্রশাসক।
- ২১। সকল জেলা হিসাবরক্ষণ অফিসার।
- ২২। সকল উপজেলা নির্বাহী অফিসার।
- ২৩। সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসার।
- ২৪। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৫। প্রশাসন উইং অর্থ বিভাগ।



### অফিস স্মারক

**বিষয়:** চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন, ভাতা, পেনশন ইত্যাদি নির্ধারণ প্রসঙ্গে।

১-৭-৯১ইং তারিখ হইতে সরকার কর্তৃক জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তন করা হইয়াছে। ইহার ফলে জনস্বার্থে সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন/ পেনশন নির্ধারণের প্রশ্নটি কিছুকাল যাবত সরকারের সক্রিয় বিবেচনাধীন ছিল। পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনাপূর্বক সরকার এ ব্যাপারে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:

- ক) অবসরপ্রাপ্তি ছুটি ভোগরত অবস্থায় জনস্বার্থে সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত না হইলে, যে সকল কর্মকর্তা/ কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের প্রারম্ভ তারিখে অর্থাৎ ১-৭-৯১ইং তারিখে অবসরপ্রাপ্তি ছুটি ভোগ করিতেন, তাঁহাদের বেতন ও পেনশন নিম্নোক্তভাবে পুনঃনির্ধারিত হইবে:
- ১) সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী, জাতীয় বেতন স্কেল, ১৯৯১ প্রবর্তনের পূর্বে, যেই মূল পদ হইতে অবসর গ্রহণ করিয়াছেন, তাঁহার বেতন সেই পদের অনুরূপ (Corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯১-তে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ১৯৯১-এর অনুচ্ছেদ ৬ (৪) অনুযায়ী নির্ধারণ করা হইবে।
  - ২) উপ-অনুচ্ছেদ (১) অনুযায়ী নির্ধারিত বেতনের ভিত্তিতে উল্লিখিত আদেশের অনুচ্ছেদ ৬ (৬) অনুযায়ী ১-৭-৯১ ইং তারিখে তাঁহার পেনশন (আনুতোষিকসহ) পুনঃনির্ধারিত হইবে।
  - ৩) ১-৭-৯১ইং তারিখে পুনঃনির্ধারিত পেনশন আনুতোষিক হইতে ১-৭-৯১ইং তারিখের পূর্বে নির্ধারিত ও গৃহীত আনুতোষিক অংক এবং ১-৭-৯১ ইং তারিখ ও উহার পর পূর্ব নির্ধারিত ও গৃহীত পেনশন অংক, যদি থাকে, সমন্বয় করিতে হইবে।
  - ৪) চুক্তিভিত্তিক পদে নির্ধারিত তাঁহার মাসিক বেতন হইতে পুনঃনির্ধারিত ‘গ্রস পেনশন’ (কমিউটেশন/ সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ দিতে হইবে।
- খ) ১-৭-৯১ ইং বা উহার পর যাহারা অবসরপ্রাপ্তি ছুটি ভোগরত অবস্থায় চুক্তি-ভিত্তিক নিয়োজিত হইয়াছেন বা হইবেন এবং এইরূপ নিয়োজিত না হইলে অবসরপ্রাপ্তি ছুটি সময়ে বাৎসরিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইতেন তাঁহাদের পেনশন নির্ধারণ ক্ষেত্রে উক্ত বেতন বৃদ্ধিও বেতনের সহিত যুক্ত হইবে।
- গ) ১-৭-৯১ইং তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারি যাহাদের চুক্তির মেয়াদ ১-৭-৯১ইং বা উহার পর পর্যন্ত অব্যাহত আছে অথবা ১-৭-৯১ইং তারিখ বা উহার পর যাহারা চুক্তিভিত্তিক নিয়োজিত হইয়াছেন বা হইবেন তাঁহাদের বেতন ১-৭-৯১ইং তারিখের চুক্তিভিত্তিক পদের প্রচলিত বেতন স্কেলে অর্থ বিভাগের ২৫-১১-৮৫ইং তারিখের অম(বিধি-১) ১এস-২৫/ ৮৫/ ৯৩ অর্থ বিভাগের ২৫-১১-৮৫ইং তারিখের অম(বিধি-১) ১এস-২৫/ ৮৫/ ৯০ নম্বর অফিস স্মারকের নীতিমালা অনুসরণে নির্ধারণ করিতে হইবে। উল্লেখ্য যে উক্ত অফিস স্মারকের অন্যান্য নির্দেশাবলী বলবৎ থাকিবে।

২। অত্র আদেশ ১-৭-৯১ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

এইচ, আর, দত্ত  
যুগ্ম-সচিব (বাস্তব ও প্রবিধি)

বিতরণ:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হইল:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. মুখ্য অর্থ সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, প্রধানমন্ত্রীর দপ্তর, ঢাকা।
৪. সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ----- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে ইহার অনুলিপি প্রেরণের অনুরোধ করা হইল।
৫. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, মগবাজার, ঢাকা। (তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৭. কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম, এ, জি), তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
৮. বিভাগীয় কমিশনার ----- বিভাগ। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।
৯. হিসাব মহানিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা। তাঁহার অধীনস্থ সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণ করার অনুরোধ করা হইল)
১০. অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব), সি.আর.বি.ভবন, চট্টগ্রাম।
১১. অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
১২. পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
১৩. পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৪. পরিচালক, রেলওয়ে অডিট, সি.আর.বি. ভবন, চট্টগ্রাম।
১৫. পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
১৬. পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দূরালোপনী, ঢাকা।
১৭. পরিচালক, বেসামরিক হিসাব নিরীক্ষা অধিদপ্তর, প্রাক্তন এ.জি. বি (সি) ভবন ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. অর্থ বিভাগের সকল কর্মকর্তা

মোঃ ফিরোজ কিবরিয়া  
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/১এস-১/৯৮/৯৭(১০০০)

তারিখ: ২৬-০৪-১৪০৫ বঃ  
১০-০৮-১৯৯৮ ইং

অফিস স্মারক

বিষয়: চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন, ভাতা, পেনশন ইত্যাদি নির্ধারণ/ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তন করা হইয়াছে। ইহার ফলে সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান ইত্যাদি সংস্থাসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী যাহারা জনস্বার্থে বেসামরিক পদে চুক্তিভিত্তিক নিয়োজিত হইয়াছেন বা হইবেন তাহাদের বেতন/ পেনশন নির্ধারণ/ পুনঃনির্ধারণের বিষয়টি যথাযথভাবে বিবেচনাপূর্বক সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন:

- ১) ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারী যাহাদের চুক্তির মেয়াদ ১লা জুলাই, ১৯৯৭ তারিখ বা উহার পর পর্যন্ত অব্যাহত আছে, তাহাদের বেতন ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতন স্কেলে অর্থ বিভাগের ২৫শে নভেম্বর, ১৯৮৫ তারিখের অম/ (বিধি-১) ১এস-২৫/ ৮৫/ ৯৩ নম্বর অফিস স্মারকের নীতিমালা অনুসরণে নির্ধারণ করিতে হইবে। তবে তাহারা ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১ (৩) (ক) অনুযায়ী বর্ধিত বেতনের সুবিধা এবং উক্ত আদেশের অনুচ্ছেদ ১ (৩) (খ) অনুসরণে স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হইবেন।
- ২) অবসরপ্রাপ্তি ছুটি ভোগরত অবস্থায় জনস্বার্থে সরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত না হইলে, যে সকল কর্মকর্তা/ কর্মচারী জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের প্রারম্ভ তারিখে অবসরপ্রাপ্তি ছুটি ভোগ করিতেন, তাহারা জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ প্রবর্তনের পূর্বে যে মূল পদ হইতে অবসর গ্রহণ করিয়াছেন, সেই পদের অনুরূপ (corresponding) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭-তে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ৬ (৫) এবং ৬ (৭) অনুযায়ী ১লা জুলাই, ১৯৯৭ তারিখে তাহাদের বেতন ও পেনশন (আনুতোষিকসহ) পুনঃনির্ধারণ করিতে হইবে এবং পুনঃনির্ধারিত পেনশন ও আনুতোষিক হইতে ১লা জুলাই, ১৯৯৭ তারিখের পূর্বে নির্ধারিত ও গৃহীত পেনশন এবং আনুতোষিক-এর অংক অর্থ বিভাগের ২রা জানুয়ারী, ১৯৯২ তারিখের অম/ অবি (প্রবিধি-১) ১এস-১/৯২-৫ নম্বর অফিস স্মারকের নীতিমালা অনুসরণে সমন্বয় করিতে হইবে। তবে তাহারা ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১ (৩) (ক) অনুযায়ী বর্ধিত বেতনের সুবিধা প্রাপ্য হইবেন এবং উক্ত অনুচ্ছেদের বিধান অনুযায়ী নির্ধারিত বেতন হইতে পুনঃনির্ধারিত গ্রস পেনশন (কমুটেশন/ সমপর্ণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাইবে। এতদ্ব্যতীত, তাহারা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১ (৩) (খ) অনুসরণে স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হইবেন।
- ৩) ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বা উহার পর যাহারা চুক্তিভিত্তিক নিয়োজিত হইয়াছেন বা হইবেন তাহাদের চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদে ১ (৩) (ক) অনুযায়ী নির্ধারিত হইবে এবং উক্ত নির্ধারিত বেতন হইতে গ্রস পেনশন অংক/ সমপর্ণিমাণ অংক বাদ যাইবে। এতদ্ব্যতীত, তাহারা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর অনুচ্ছেদ ১ (৩) (খ) অনুযায়ী স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হইবেন।

২। অর্থ বিভাগের ২৫শে নভেম্বর, ১৯৮৫ তারিখের অম (বিধি-১)/১এস-২৫/৮৫/৯৩ এবং ২রা জানুয়ারী, ১৯৯২ তারিখের অম/ অবি (প্রবিধি-১) ১এস-১/৯২-৫ নম্বর অফিস স্মারকসমূহের অন্যান্য নির্দেশাবলী বলবৎ থাকিবে।

৩। এই আদেশ ১লা জুলাই, ১৯৯৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ আবদুল লতিফ মন্ডল  
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)  
ফোন-৮৬৯৫০৭

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

- ৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৪। সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাহাদের আওতাভুক্ত সকল অধিদপ্তর/ পরিদপ্তর/ হিসাব শাখাসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট হাউজ, ১৮৯, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০।  
তাহার অধীন সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রাক্তন এম, এ, জি), সেগুনবাগিচা, ঢাকা। তাহার অধীন সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৭। হিসাব মহানিয়ন্ত্রক (বেসামরিক) বাংলাদেশ, ঢাকা।  
তাহার অধীন অফিসসমূহে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৮। বিভাগীয় কমিশনার ----- বিভাগ।
- ৯। জেলা প্রশাসক (সকল জেলা)।
- ১০। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) সি, আর, বি ভবন, চট্টগ্রাম।
- ১১। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী।
- ১২। পরিচালক, হিসাব নিরীক্ষা, পূর্ত, পানি ও বিজলী, কাকরাইল, ঢাকা।
- ১৩। পরিচালক, বাণিজ্যিক হিসাব নিরীক্ষা, ঢাকা।
- ১৪। পরিচালক, রেলওয়ে অডিট সি, আর, বি, ভবন, চট্টগ্রাম।
- ১৫। পরিচালক, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা, ঢাকা।
- ১৬। পরিচালক, হিসাব নিরীক্ষা, ডাক, তার ও দূরালোপনী, ঢাকা।
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ----- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)
- ১৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
- ১৯। গার্ড/ নথি/ সংকলন।
- ২০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি শাখা-২।

নং-অম/অবি/প্রবিধি-২/১এস-১/২০০৫/৮(১০০০)

তারিখ: ৪-৩-১৪১২ বাং  
১৮-৬-২০০৫ ইং

**অফিস স্মারক**

**বিষয়: চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন, ভাতা, পেনশন ইত্যাদি নির্ধারণ/ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এস.আর.ও নং-১১৯-আইন/২০০৫/অম/অবি/(বাস্তঃ-১) জাঃ বেঃ স্কেল-১/২০০৫/৭৩ মোতাবেক ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তন করা হয়েছে। সে আলোকে সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্বাব্যাহত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান ইত্যাদি সংস্থাসমূহের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী যাঁরা জনস্বার্থে বেসামরিক পদে চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন/ পেনশন নির্ধারণ/ পুনঃনির্ধারণের বিষয়টি যথাযথভাবে বিবেচনাপূর্বক সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- ১। ক) ১ জানুয়ারি, ২০০৫ তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারী যাঁদের চুক্তির মেয়াদ ১ জানুয়ারি ২০০৫ তারিখ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে তাঁদের বেতন ১ জানুয়ারি ২০০৫ তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতনস্কেলের ভিত্তিতে নির্ধারণ করতে হবে। তবে তাঁরা ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ১(৩) (ক) অনুযায়ী বর্ধিত বেতনের সুবিধা এবং উক্ত আদেশের অনুচ্ছেদ ১(৩) (গ) অনুসরণে স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।
  - খ) চুক্তিভিত্তিক নিয়োজিত না হলে ১-১-২০০৫ তারিখে অবসর প্রাপ্তি ছুটিতে থাকতেন এ ধরনের কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ৬(৬) ও ৬(৮) এ বর্ণিত বিধান (১-১-২০০৫ তারিখে যাঁরা ছুটিতে/অবসর প্রাপ্তি ছুটিতে ছিলেন তাঁদের বেতন/ পেনশন নির্ধারণ সংক্রান্ত) অনুসরণ করতে হবে। কিন্তু অবসর প্রাপ্তি ছুটি বাতিল করে যে সকল কর্মকর্তা/ কর্মচারীকে ১-১-২০০৫ তারিখ অথবা তারপর চুক্তিভিত্তিক নিয়োজিত করা হয়েছিল তাঁরা নতুন বেতনস্কেলে বেতন পুনঃনির্ধারণ এবং তদনুযায়ী পেনশন এবং আনুতোষিকসহ সুবিধা প্রাপ্ত হবেন। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ৬(৯) অনুযায়ী ১-১-২০০৫ হতে ৩০-৬-২০০৫ পর্যন্ত সময়ে যাঁরা অবসরে যাবেন তাঁরা নতুন বেতনস্কেলের পূর্ণ সুবিধা প্রাপ্ত হবেন। তবে ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ১ (৩) (ক) অনুযায়ী বর্ধিত বেতনের সুবিধা প্রাপ্য হবেন। উক্ত অনুচ্ছেদের বিধান অনুযায়ী নির্ধারিত বেতন হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সমর্পণ করার পূর্বের অঙ্ক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন যদি থাকে, বাদ যাবে। এতদ্ব্যতীত, তাঁরা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ১(৩) (গ) অনুসরণে স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।
  - গ) ১ জানুয়ারি, ২০০৫ তারিখে বা তারপর যাঁরা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাদের চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদে ১ (৩) (ক) অনুযায়ী নির্ধারিত হবে এবং উক্ত নির্ধারিত বেতন হতে গ্রস পেনশন অঙ্ক/সমপরিমাণ অঙ্ক বাদ যাবে। এতদ্ব্যতীত, তাঁরা চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অনুচ্ছেদ ১(৩) (গ) অনুযায়ী স্ব-স্ব চুক্তিপত্র অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।
- ২। উপর্যুক্ত অনুচ্ছেদ ১(ক) (খ) ও (গ) এ বর্ণিত বিষয়গুলি বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে:
- ক) ১-১-২০০৫ তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারী যাঁদের চুক্তির মেয়াদ ১-১-২০০৫ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে, তাঁদের বেতন ১-১-২০০৫ তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতনস্কেলের প্রারম্ভিক স্তর অথবা অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন, এ দুই এর মধ্যে যা অধিক হবে তা হতে গ্রস পেনশন অঙ্ক/সমপরিমাণ অঙ্ক বাদ যাবে।
  - খ) ১-১-২০০৫ বা তারপর যাঁরা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন, তাঁদের বেতন চুক্তিভিত্তিক পদের প্রচলিত বেতনস্কেলের নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণে ধার্য হবে:-
    - ১) অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (Pay) যদি চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতনস্কেলের সর্বনিম্ন ধাপের থেকে কম হয়, তা হলে উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারিত হবে এবং নির্ধারিত বেতন হতে গ্রস পেনশন অঙ্ক/সমপরিমাণ অঙ্ক বাদ যাবে।

- ২) অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন যদি চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতনস্কেলের সর্বনিম্ন অথবা সর্বোচ্চ ধাপের সমান অথবা তার মাঝামাঝি যে কোন স্থানে হয়, তা হলে আহরিত শেষ বেতন উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে, উক্ত ধাপেই বেতন নির্ধারিত হবে এবং ধাপে না মিললে পরবর্তী উচ্চতর ধাপে বেতন নির্ধারিত হবে। উভয় ক্ষেত্রেই নির্ধারিত বেতন হতে গ্রস পেনশন অঙ্ক/সমপরিমাণ অঙ্ক বাদ যাবে।
- ৩) অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন যদি চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতনস্কেলের সর্বোচ্চ ধাপের বেশি হয় তা হলে শেষ আহরিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে এবং উক্ত নির্ধারিত বেতন হতে গ্রস পেনশন অঙ্ক/সমপরিমাণ অঙ্ক বাদ যাবে।
- ৩। চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকরির জন্য কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট প্রাপ্য হবে না।
- ৪। বেতন, ভাতা ইত্যাদি সম্বন্ধে এ আদেশে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বেও চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত যে কোন আদেশ প্রযোজ্য হবে।
- ৫। বহিরাগতগণের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে আলোচনাক্রমে স্থির করা হবে এবং তদনুযায়ী সরকারি আদেশ জারি করা হবে।
- ৬। এ আদেশের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/স্মারক নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গণ্য হবে, তবে এ স্মারকের সাথে সঙ্গতি সাপেক্ষে, চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের ২৫-১১-১৯৮৫ তারিখের অম(বিধি-১)/ ১এস-২৫/৮৫/৯৩, ০২-০১-১৯৯২ তারিখের অম/অবি (প্রবিধি-১)-১এস-১/৯২-৫ এবং ১০-০৮-১৯৯৮ তারিখের অম/অবি/প্রবিধি-১/১ এস-১/৯৮/৯৭/(১০০০) নম্বর অফিস স্মারকসমূহে বর্ণিত শর্তাবলী অনুসরণযোগ্য হবে।
- ৭। এস.আর.ও নং-১১৯-আইন/২০০৫/অম/অবি/(বাস্তব-১) জাঃ বেঃ স্কেল-১/২০০৫/৭৩ মোতাবেক এ স্মারক ১ জানুয়ারি, ২০০৫ তারিখে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

মোহাম্মদ আলী খান  
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২. বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. বিভাগীয় কমিশনার ----- (সকল বিভাগ)।
৬. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮. অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. জেলা প্রশাসক ----- (সকল জেলা)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ----- ।
১১. উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল উপজেলা)।
১২. বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা ----- (সকল বিভাগ)।
১৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ----- (সকল জেলা)।
১৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ----- (সকল উপজেলা)।
১৫. অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি অধিশাখা-২

নং-অম/ অবি (প্রবিধি-২)/ চুক্তি-১/২০০৮/২৪১

তারিখ: ১৭/০২/২০০৮ খ্রিঃ  
০৫/১১/১৪১৪ বাং

**অফিস স্মারক**

**বিষয়:** অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারী এবং অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ/ পুনঃনির্ধারণ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এস.আর.ও নং- ১১৯-আইন/২০০৫/ অম/ অবি/ (বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-২০০৫/ ৭৩ মোতাবেক ১ জানুয়ারি, ২০০৫ তারিখ হতে জাতীয় বেতন স্কেল, ২০০৫ প্রবর্তন করা হয়েছে। সে আলোকে সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠান, ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ইত্যাদি সংস্থাসমূহের অবসর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী যারা জনস্বার্থে বেসামরিক পদে চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন/ পেনশন নির্ধারণ/ পুনঃনির্ধারণের বিষয়টি যথাযথভাবে বিবেচনাপূর্বক চুক্তির শর্তাবলী নির্ধারণের ক্ষেত্রে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০১। অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (Last Pay) চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে। বিশেষ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত অথবা উভয় পক্ষের সম্মতিতে সরকারের সাথে চুক্তি অনুযায়ী নির্ধারিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে।

০২। নির্ধারিত বেতন হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/ সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাবে না।

০৩। চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকরির জন্য কোন বর্ধিত পেনশন বা ইনক্রিমেন্ট প্রাপ্য হবে না।

০৪। বেতন, ভাতা ইত্যাদি সম্বন্ধে এ আদেশে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বে চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত যে কোন আদেশ প্রযোজ্য হবে।

০৫। অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারী ব্যতীত অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ সংক্রান্ত শর্তাবলী যথার্থি প্রতি ক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে আলোচনাক্রমে স্থির করা হবে এবং তদনুযায়ী সরকারি চুক্তিপত্র সম্পাদিত হবে।

০৬। এ আদেশের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/ স্মারক নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশ বাতিল বলে গণ্য হবে, তবে এ স্মারকের সাথে সঙ্গতি সাপেক্ষে, চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের বেতন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের ২৫/১১/১৯৮৫ তারিখের অম (বিধি-১)/১এস-২৫/৮৫/৯৩, ০২/০১/১৯৯২ তারিখের অম/ অবি/ (প্রবিধি-১)-১এস-১/৯২-৫, ১০/০৮/১৯৯৮ তারিখের অম/ অবি/ প্রবিধি-১/১এস-১/৯৮/৯৭/ (১০০০) এবং ১৮/০৬/২০০৫ তারিখের অম/ অবি/ প্রবিধি-২/১এস-১/২০০৫/৮ (১০০০), নম্বর অফিস স্মারকসমূহে বর্ণিত শর্তাবলী অনুসরণযোগ্য হবে।

০৭। জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

মোঃ নাসিরুজ্জামান  
উপ-সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২. বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ৭৭/৭, কাকরাইল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. বিভাগীয় কমিশনার ----- (সকল বিভাগ)।
৬. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৭. কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স সেগুনবাগিচা, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৮. অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৯. জেলা প্রশাসক ----- (সকল জেলা)। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -----।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল উপজেলা)।
- ১২। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা ----- (সকল বিভাগ)।
- ১৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ----- (সকল জেলা)।
- ১৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ----- (সকল উপজেলা)।
- ১৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।



নং-অম/অবি(প্রবিধি-২)/বিধি-২/চুক্তি-(১)২০১০/৩৮৩

তারিখ: ১০-১১-১৪১৬ বঃ  
২২-০২-২০১০ খ্রিঃ

### অফিস স্মারক

**বিষয়:** চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এস.আর.ও নং-২৫৫-আইন/২০০৯/ অম/ অবি/ (বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-১/২০০৯/২৩২ বরাতে ১ জুলাই, ২০০৯ তারিখ হতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ কার্যকর করা হয়েছে। সে আলোকে সরকারি/ স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্বাব্যাহত ব্যাংক ও অর্থ লগ্নী প্রতিষ্ঠান ইত্যাদি সংস্থাসমূহে জনস্বার্থে বেসামরিক পদে যাঁরা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি নির্ধারণের বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- ১। ক) ১ জুলাই, ২০০৯ তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, যাঁদের চুক্তির মেয়াদ ১ জুলাই, ২০০৯ তারিখ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে তাঁদের বেতন ১ জুলাই, ২০০৯ তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতন স্কেলের ভিত্তিতে নির্ধারণ করতে হবে। তবে তাঁরা ১ জুলাই, ২০০৯ তারিখ হতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর অনুচ্ছেদ ১(৩)(ক) অনুযায়ী বর্ধিত বেতনের সুবিধা এবং সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।
- খ) ১ জুলাই, ২০০৯ তারিখ বা তৎপরবর্তীতে যাঁরা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন তাঁদের বেতন-ভাতার ক্ষেত্রেও অত্র অফিস স্মারকের ১(ক) দফার বিধান প্রযোজ্য হবে।
- ২। এ অফিস স্মারক জারির দিন বা তৎপরবর্তীতে যাঁরা চুক্তিভিত্তিক পদে নিয়োজিত হবেন তাঁদের ক্ষেত্রে অবসর গ্রহণের অব্যাহতির পূর্বে আহরিত শেষ বেতন (Last pay) চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে। বিশেষ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত অথবা উভয় পক্ষের সম্মতিতে সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী নির্ধারিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে।
- ৩। নির্ধারিত বেতন (চুক্তিভিত্তিক) হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাবে না।
- ৪। চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকরির জন্য কোন ইনক্রিমেন্ট, অনুতোষিক, বর্ধিত পেনশন প্রদেয় হবে না।
- ৫। বেতন, ভাতা ইত্যাদি সম্পর্কে এ আদেশে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বেও চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক পরবর্তীতে বিভিন্ন সময় জারিকৃত আদেশ প্রযোজ্য হবে।
- ৬। বহিরাগতগণের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন, ভাতা ইত্যাদি নির্ধারণ সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে আলোচনাক্রমে নির্ধারণ করা হবে এবং তদানুযায়ী সরকারি আদেশ জারি করা হবে।
- ৭। এ স্মারকের পরিপন্থী পূর্ববর্তী সকল অফিস স্মারক/পরিপত্র/সার্কুলার এর সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গণ্য হবে এবং এ স্মারকের সাথে সঙ্গতিপূর্ণ পূর্বের জারিকৃত সকল স্মারক বলবত থাকবে।
- ৮। এস.আর.ও নং-২৫৫- আইন/ ২০০৯/ অম/ অবি/ (বাস্তঃ-১)/ জাঃবেঃস্কেল-১/২০০৯/২৩২ মোতাবেক এ স্মারক ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

শাহাবুদ্দিন আহমদ  
যুগ্ম-সচিব (প্রবিধি)

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অব বাংলাদেশ, কার্যালয়, কাকরাইল, ঢাকা। (তাঁর অধীনস্থ সকলকে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব/ ভারপ্রাপ্ত সচিব ----- (সকল মন্ত্রণালয়/ বিভাগ)। (তাঁর অধীনস্থ সকলকে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫. বিভাগীয় কমিশনার ----- (সকল বিভাগ)।

৬. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকলকে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৭. কম্পট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকলকে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮. অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (তাঁর অধীনস্থ সকলকে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. জেলা প্রশাসক (সকল)। (তাঁর অধীনস্থ সকলকে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা -----
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা) -----
১২. বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল বিভাগ) -----
১৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা) -----
১৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপজেলা)। -----
১৫. অর্থ বিভাগের সকল কর্মকর্তা -----

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি- ২ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং- ০৭.০০.০০০০.১৭২.৩২.০০৯.১২- ১১০

তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ  
০৪ জুন, ২০১২ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ রেলওয়েতে লোকমোটিভ মাস্টার ও স্টেশন মাস্টার পদে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারীদের চুক্তিভিত্তিক নিয়োগ ও লিভ স্যালারি সুবিধাদি একত্রে প্রদান বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

**সূত্র:** জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.১৩২.০৩৫.০১.০০.০৫০.২০১১- ৩৭৪, তারিখঃ ০৮.০৪.২০১২ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদ্যমান বিধি- বিধান অনুযায়ী অবসর উত্তর ছুটি পিআরএল( ভোগরত অবস্থায় চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হ'লে পিআরএল সমর্পণ করতে হয়। অর্থাৎ লিভ স্যালারি এবং চুক্তিভিত্তিক বেতন একসাথে পাওয়ার কোন সুযোগ নেই।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ রেলওয়ের লোকোমোটিভ মাস্টার ও স্টেশন মাস্টারগণ পিআরএল ভোগরত থাকাকালে চুক্তিভিত্তিক নিয়োজিত হ'লে লিভ স্যালারি এবং চুক্তিভিত্তিক বেতন উভয় সুবিধা একসাথে পাবেন না মর্মে অর্থ বিভাগ মনে করে।

নাসরিন সুলতানা  
উপসচিব (প্রবিধি- ২ অধিশাখা)  
ফোন: ৯৫৬১১৩১  
e-mail : [nsultana@finance.gov.bd](mailto:nsultana@finance.gov.bd)

সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## অন্যান্য বিষয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-৪/৯৪/২৪৪

তারিখ: ০৯/০২/২০০৯ ইং।

**বিষয়: The President's (Remuneration and Privileges) (Amendment) Ordinance, 2007 আইনে  
পরিণতকরণ প্রসঙ্গে।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-মপবি-১৭/১/২০০৯-বিধি/২৪, তারিখ: ০৮-০২-২০০৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মহামান্য রাষ্ট্রপতির স্বৈচ্ছাধীন তহবিলের পরিমাণ বার্ষিক ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হতে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা বৃদ্ধির বিষয়ে The President's (Remuneration and Privileges) (Amendment) Ordinance, 2007 অধ্যাদেশটি আইনে পরিণত করার বিষয়ে অর্থ বিভাগ একমত পোষণ করে।

মোঃ আবদুল মান্নান  
উপ-সচিব  
ফোন: ৭১৭০১৭৪

মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃ আঃ জনাব মাহফুজা আখতার, সিঃ সহকারী সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি অধিশাখা-৩  
www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০৩১.০৩.০০.০১৯-২০১০.৯৩

তারিখ: ৩০/১২/২০১০ খ্রিঃ।

**বিষয়:** The President's (Remuneration and Privileges) Act, 1975-এর 7 (1) ধারায় উল্লিখিত রাষ্ট্রপতির  
স্বৈচ্ছাধীন তহবিলের পরিমাণ বৃদ্ধি।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.৪২৩.০২২.০১.০০১.২০১০-১৩৪, তারিখ: ২৮/১০/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ বিবেচনায় এনে মহামান্য রাষ্ট্রপতির স্বৈচ্ছাধীন তহবিলের পরিমাণ ১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় উন্নীতকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হ'ল। উল্লেখ্য, এ ব্যাপারে The President's (Remuneration and Privileges) Act, 1975-এর 7 (1) ধারা সংশোধন প্রয়োজন হবে।

এ.এফ. আমিন চৌধুরী

উপ-সচিব

ফোন-৭১৭০১৭৪

e-mail: aminc@finance.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ  
প্রশিক্ষণ শাখা

নং-অম/অবি/ট্রেসব্যঅ/প্রশাঃ/প্রশিক্ষণ/বিবিধ/২০০৮/৩৩৪

তারিখ: ০৩.১১.২০০৮

পরিপত্র

**বিষয়:** বৈদেশিক প্রশিক্ষণ থেকে প্রত্যাবর্তনের পর প্রতিবেদন দাখিল।

বিশ্বায়নের ফলে আর্থিক ব্যবস্থাপনাসহ বিশেষায়িত অন্যান্য ক্ষেত্রে ধারণাসমূহ দ্রুত পরিবর্তিত হচ্ছে। ধ্যান-ধারণার ক্রম বিবর্তমান ধারার সাথে মানিয়ে নেয়ার জন্য বিভিন্ন পন্থায় স্ব-স্ব অধিক্ষেত্র প্রশিক্ষণ গ্রহণ প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, শিক্ষাসফর, সভা-সম্মেলন একটি চলমান প্রক্রিয়া। প্রশিক্ষণ জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করে এবং দৃষ্টিভঙ্গিতে ইতিবাচক পরিবর্তন আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রশিক্ষণলব্ধ জ্ঞানের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিদেশে প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, শিক্ষাসফর সভা-সম্মেলন এবং অন্যান্য পদ্ধতিতে আহরিত অভিজ্ঞতার যথাযথ প্রয়োগ জরুরী।

০২। অর্থ বিভাগ অর্থনৈতিক নীতি-পদ্ধতি প্রণয়ের কেন্দ্রবিন্দু। যুগোপযোগী নীতি-পদ্ধতির অনুসরণ ক্রমপরিবর্তনশীল বিশ্বের সাথে বাংলাদেশের উন্নয়ন প্রক্রিয়াকে সামঞ্জস্যপূর্ণ সরতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিভিন্ন বিষয়ে এ বিভাগের কর্মকর্তাদের গৃহীত প্রশিক্ষণের অভিজ্ঞতা বিনিময় এবং এর সফল প্রয়োগের উপর দেশের উন্নয়ন কর্মকান্ডের ইতিবাচক গতিধারা বহুলাংশে নির্ভরশীল।

০৩। এ বিবেচনায় অর্থ বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষণ থেকে প্রত্যাবর্তনের ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সংযুক্ত ফরমে একটি প্রতিবেদন (সচিব, অনুবিভাগ প্রধান এবং প্রশিক্ষণ শাখায় এক প্রস্থ করে) দাখিল নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রতিবেদন দাখিলের পাশাপাশি এখন থেকে প্রত্যাবর্তনকারী কর্মকর্তারা সাপ্তাহিক সেমিনারে Presentation এর মাধ্যমে অভিজ্ঞতা বিনিময় করবেন। ১লা অক্টোবর, ২০০৮ বা তার পরবর্তী সময়ে বিদেশে প্রশিক্ষণে গমন বা প্রত্যাবর্তনকারী কর্মকর্তাদেরও সংযুক্ত ছকে প্রতিবেদন দাখিল করতে হবে।

সংযুক্ত: Feed back Form

ড. মোহাম্মদ তারেক  
সচিব

বিতরণ:

- ০১। অর্থ বিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ০২। মনিটরিং সেলের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ০৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

Government of the People's Republic of Bangladesh  
Finance Division  
Training Section

**FEEDBACK FORM**

Report to be submitted by officers participating Training/ Seminar/ Workshop/  
Conference/ Study tour and other official visits abroad within 5 working days of  
return to the Secretary, concerned Wing Chief and to the Training Section  
(use tick ✓ where applicable)

1. Type of the Event: ☐ Seminar ☐ Training ☐ Study Tour  
☐ Workshop ☐ Conference ☐ Others (please Specify)-----
2. Date: From ..... to ..... 3. Duration: ..... day(s) /week(s)/ Month(s)
4. Country/(ies) Visited: ..... 5. Sponsored/ Funded by .....
6. Title of the Event: .....
7. Major issues discussed/ delivered in the event:
- |         |         |
|---------|---------|
| ● ----- | ● ----- |
| ● ----- | ● ----- |
| ● ----- | ● ----- |
8. Please specify the issues that are critical in the context of the economic development of Bangladesh:
- |         |         |
|---------|---------|
| ● ----- | ● ----- |
| ● ----- | ● ----- |
| ● ----- | ● ----- |
9. Please write your opinion on how Finance Division/ Government of Bangladesh can use your learning in addressing the issues mentioned in para 7 and 8:
10. Any other relevant comments/ suggestions/ opinions

Date:      Signature and Seal: -----

[Please do not write below the line. Soft copy of the form can be obtained from the Training Section (Room-2J3, Building-7)  
or by email from nahidr@finance.gov.bd. Contain the report within three A4 size pages]

**Instruction by the Secretary**

- ☐ Please arrange a seminar by the participating officer/(s)  
☐ Please File



নং- ০৭.০০.০০০০.১৬২.০৩.০১৭.১২- ১২৮

তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

### অফিস স্মারক

বিষয়: জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের কতিপয় পদের পদনাম পরিবর্তন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের কতিপয় পদের পদনাম নিম্নরূপভাবে পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

| ক্রঃ নং | বিদ্যমান পদনাম     | পরিবর্তিত পদনাম |
|---------|--------------------|-----------------|
| ১       | ২                  | ৩               |
| ১।      | উপ- সহকারী পরিচালক | সহকারী পরিচালক  |
| ২।      | সহকারী পরিচালক     | উপ- পরিচালক     |
| ৩।      | উপ- পরিচালক        | যুগ্ম- পরিচালক  |

২। উপরোল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রচলিত নিয়মানুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের আনুষ্ঠানিক (formal) সম্মতি গ্রহণসহ অন্যান্য আনুষ্ঠানিকতা পরিপালন করে পৃথকভাবে পদনাম পরিবর্তনের আদেশ জারি করতে হবে এবং প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারির তারিখ থেকে তা কার্যকর হবে।

মমতাজ আলা শাকুর আহমেদ  
যুগ্ম- সচিব (বাস্তবায়ন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

নং- ০৭.০০.০০০০.১৬২.০৩.০১৭.১২- ১২৮

তারিখ: ৩১/০৫/২০১২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:-

- ১। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বাস্তবায়ন অনুবিভাগের সকল কর্মকর্তা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৪। গার্ড নথি/সংশ্লিষ্ট নথি।

জিনাত আরা  
উপ সচিব  
ফোন: ৭১৬২৯৭৬